স্বাক্ষরিত কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর

এবং

সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

০১ জুলাই ২০১৮ - ৩০ জুন ২০১৯

# সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা |
| --- | --- |
| অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৩ |
| উপক্রমণিকা (Preamble) | ৪ |
| সেকশন ১ : গণগ্রন্থাগার অধিদপ্তরের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি | ৫ |
| সেকশন ২ : গণগ্রন্থাগার অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/ Impact) | ৬ |
| সেকশন ৩ : কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৭ |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য | ৮, ৮/১ |
| সংযোজনী ১ : শব্দ-সংক্ষেপ (Acronyms) | ১০ |
| সংযোজনী ২ : কর্মসম্পাদন সূচকসমূহ এবং পরিমাপ পদ্ধতি | ১১ |
| সংযোজনী ৩ : কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা | ১২ |

## গণগ্রন্থাগার অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র : সাম্প্রতিক অর্জন, সমস্যা ও চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা
## Overview of the Performance of the Department of Public Libraries: Recent achivement, Problems & Challenges and the Future Plan)

- **সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ**

জ্ঞানমনস্ক আলোকিত সমাজ বিনির্মাণের লক্ষ্যে রাষ্ট্রের সামগ্রিক জনগোষ্ঠীর নিবিড় প্রত্যাশা পূরণে নিজ সক্ষমতা অনুযায়ী সর্বোচ্চ প্রয়াস নিয়োজিত করা গণগ্রন্থাগার অধিদপ্তরের মুখ্য কাজ। প্রধানত: আলোকবর্তিকাবাহী বই পাঠে সর্বসাধারণকে অবিরাম উদ্বুদ্ধ করা এবং বিজ্ঞানভিত্তিক আধুনিক তথ্য-প্রযুক্তি-সম্বলিত সুবিধাদির দ্বারা সময়-সাশ্রয়ী কার্যকর তথ্যসেবা প্রদান করা এ প্রয়াসের অন্তর্ভুক্ত। উদ্দিষ্ট লক্ষ্য অর্জনে দেশের সকল বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে সরকারি গণগ্রন্থাগারে বিগত তিন বছরে ৪০৫৯টি শিরোনামে ২,৮১,৮৭৬ সংখ্যক পুস্তক সরবরাহ করা হয়েছে। দেশব্যাপী বিভিন্ন জাতীয় দিবসভিত্তিক রচনা, বইপাঠ, ছড়া, চিত্রাঙ্কন ও কবিতা আবৃত্তির ২৮১৬টি প্রতিযোগিতা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এর মধ্যে ২১৭৬টি অনুষ্ঠানে শিশু-কিশোর প্রতিযোগী অংশগ্রহণ করে। প্রতিযোগিতায় অংশগ্রহণকারী বিজয়ীদেরকে বই, ক্রেস্ট এবং প্রশংসাব্যঞ্জক সনদ প্রদান করা হয়েছে। তাছাড়া অধিদপ্তরের কার্যক্রম এবং বিভিন্ন প্রতিযোগিতায় ১ম স্থান অধিকারীদের রচনা-সম্বলিত একটি প্রকাশনা 'বিচ্ছুরণ' নামে নিয়মিত প্রকাশিত হচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক গণগ্রন্থাগার অধিদপ্তরের উদ্বোধনকৃত ওয়েব পোর্টালকে নতুন জাতীয় তথ্য বাতায়নে সংযুক্ত করা হয়েছে। সরকার কর্তৃক ৫ ফেব্রুয়ারিকে জাতীয় গ্রন্থাগার দিবস ঘোষণা করায় প্রথমবারের মত ২০১৮ সালের ৫ ফেব্রুয়ারি (জাতীয় ও জেলা পর্যায়) জাতীয় গ্রন্থাগার দিবস পালন করা হয়েছে। জামালপুর জেলার বকশীগঞ্জ ও দেওয়ানগঞ্জ উপজলা সরকারি গণগ্রন্থাগার ভবন নির্মাণান্তে যথারীতি তাতে পাঠকসেবাদান শুরু করা হয়েছে। চিত্রকলা, আর্ট ক্যাটালগ, ফোলিও ইত্যাদি বিষয়ক ২৩৭টি শিরোনামের ৪০,০০০ পুস্তক সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগারসহ বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ের সরকারি গণগ্রন্থাগার এর জন্য সংগ্রহ করা হয়েছে। গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়াস্থ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর সমাধিসৌধ কমপ্লেক্স গ্রন্থাগারকে এ অধিদপ্তরের আওতায় আনা হয়েছে।

- **সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ**

গণগ্রন্থাগারসমূহে পাঠকদের চাহিদামাফিক বই সরবরাহ করা এবং আধুনিক তথ্য-প্রযুক্তি-সম্বলিত তথ্যসেবা প্রদানের সুবিধাদি নিশ্চিত করা, পুস্তকের সংখ্যা-স্বল্পতা, বৃহত্তর-পরিসর স্থান সংকুলানে প্রতিকূলতা এবং সুদীর্ঘকাল পূর্বে নির্মিত গণগ্রন্থাগার অধিদপ্তর ও সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার ভবনের জরাজীর্ণতা এ অধিদপ্তরের প্রধান সমস্যা। প্রশিক্ষিত জনবলের অভাব এবং আর্থিক সীমাবদ্ধতা থাকায় অনলাইন লাইব্রেরি ম্যানেজমেন্ট সিস্টেম প্রবর্তনও এ অধিদপ্তরের উল্লেখযোগ্য চ্যালেঞ্জ।

- **ভবিষ্যৎ পরিকল্পনা**

স্বল্পমেয়াদি পরিকল্পনার মধ্যে ছয়টি জেলা পাবলিক লাইব্রেরির জন্য নিজস্ব ভবন নির্মাণ এবং জেলা পর্যায়ের ৫১টি গ্রন্থাগার ভবনের উর্দ্ধমুখী সম্প্রসারণ উল্লেখযোগ্য। মধ্যমেয়াদি পরিকল্পনার আওতায় চট্টগ্রাম বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার এবং চট্টগ্রাম মুসলিম ইন্সটিটিউট কমপ্লেক্স নির্মাণ, জেলা পর্যায় পর্যন্ত বিদ্যমান সরকারি গণগ্রন্থাগার ভবনসমূহে সৌর বিদ্যুৎ ব্যবস্থা স্থাপন এবং মাল্টিপারপাস হলের একুইস্টিক্স ব্যবস্থার উন্নয়ন, উপজেলা পর্যায়ে সরকারি গণগ্রন্থাগার স্থাপন, অনলাইন লাইব্রেরি ম্যানেজমেন্ট সিস্টেম প্রবর্তন কার্যক্রমকে অন্তর্ভুক্ত করা হয়েছে। গণগ্রন্থাগার অধিদপ্তরের সদর দপ্তর, সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার এবং শওকত ওসমান স্মৃতি মিলানায়তন-এর জন্য নতুন বহুতল ভবন নির্মাণ, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী, খুলনা, রংপুর এবং ময়মনসিংহ-এর অধিকতর উন্নয়ন এবং সাংগঠনিক কলেবর বৃদ্ধিকরণসহ গণগ্রন্থাগারকে সকল সাংস্কৃতিক কর্মকাণ্ডের কেন্দ্রবিন্দু হিসেবে প্রতিষ্ঠা করা দীর্ঘমেয়াদি পরিকল্পনার আওতাভুক্ত রয়েছে।

**২০১৮-২০১৯ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ**

- সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ের ৭১টি সরকারি গণগ্রন্থাগার এর জন্য সম্ভব্য ৯৫,০০০ টি পুস্তক সরবরাহকরণ;
- ৫ ফেব্রুয়ারি জাতীয় গ্রন্থাগার দিবস উদ্‌যাপন;
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিন ও জাতীয় শিশু দিবস, জাতীয় শোক দিবসসহ অন্যান্য জাতীয় দিবসভিত্তিক রচনা, বইপাঠ, ছড়া ও কবিতা আবৃত্তিসহ মোট ২৮১৬টি প্রতিযোগিতার আয়োজন;
- রংপুর ও ময়মনসিংহ জেলা সরকারি গণগ্রন্থাগার দু'টিকে বিভাগীয় পর্যায়ে উন্নীতকরণ;
- সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগারে অনলাইন লাইব্রেরি ম্যানেজমেন্ট সিস্টেম প্রবর্তনের কার্যক্রম বাস্তবায়ন।

## উপক্রমণিকা (Preamble)

গণগ্রন্থাগার অধিদপ্তরের আওতাধীন সকল সরকারি গণগ্রন্থাগারে পাঠকসেবা ও রেফারেন্স সেবার মানোন্নয়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সেবার সম্প্রসারণ এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি নিশ্চিতকরণ এ চুক্তির উদ্দেশ্য। এছাড়া অধিদপ্তরের স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

**মহাপরিচালক,** গণগ্রন্থাগার অধিদপ্তর

এবং

**সচিব,** সংস্কৃতি বিষয়ক **মন্ত্রণালয়,** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার-এর মধ্যে ২০১৮ সালের জুন মাসের ১০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :

## সেকশন ১

### গণগ্রন্থাগার অধিদপ্তরের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলি

**১.১ রূপকল্প(Vision)** জ্ঞানমনস্ক আলোকিত সমাজ

**১.২ অভিলক্ষ্য (Mission)** দেশের সমগ্র জনগোষ্ঠীকে বিজ্ঞান ও আধুনিক তথ্য-প্রযুক্তিভিত্তিক সুবিধাদি-সম্বলিত সময়-সাশ্রয়ী পাঠকসেবা ও তথ্যসেবা প্রদানের মাধ্যমে জ্ঞান ও প্রজ্ঞায় বিকশিত ও সমৃদ্ধকরণ

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ গণগ্রন্থাগার অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্য**

১. পাঠকসেবার মানোন্নয়ন এবং
২. প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ।

**১.৪ কার্যাবলি (Functions)**

১. বিদ্যমান গণগ্রন্থাগারসমূহের জন্য পাঠক-চাহিদা মোতাবেক পাঠসামগ্রী সংগ্রহ, সংগঠন, বিন্যাস, সংরক্ষণ ও বিতরণ;
২. পাঠাভ্যাস বৃদ্ধিকে উৎসাহিত করতে জাতীয় দিবসসমূহে বিভিন্ন প্রতিযোগিতা যেমন- রচনা, বইপাঠ, ছড়া ও কবিতা আবৃত্তি, চিত্রাংকন, পাঠচক্র অনুষ্ঠান এবং পুরস্কার ও সনদ প্রদান;
৩. পাঠকসেবা ও তথ্যসেবা বৃদ্ধিকরণ;
৪. গবেষণা ও রেফারেন্স সেবা বৃদ্ধিকরণ;
৫. পুস্তক লেনদেন সেবা প্রদান;
৬. জাতীয়, বিভাগীয় ও জেলা সরকারি গণগ্রন্থাগারসমূহে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি-ভিত্তিক ইন্টারনেট সেবা প্রদান।

সেকশন ২

## গণগ্রন্থাগার অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০১৮-১৯ | প্রক্ষেপণ (Projection) | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র [source of Data] |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | | ২০১৯-২০ | ২০২০-২১ | | |
| পাঠাভ্যাস বৃদ্ধি | পাঠক উপস্থিতি | বৃদ্ধির হার | ৫৭.৫০ (লক্ষ) | ১.৭৩% (৫৮.৫০) | ০.৮৫% (৫৯.০০) | ১.৬৯% (৬০.০০) | ১.৬৭% (৬১.০০) | | পাঠক উপস্থিতি রেজিস্টার |
| প্রযুক্তি ব্যবহারে আগ্রহ সৃষ্টি | ব্যবহারকারী | বৃদ্ধির হার | (৭৭.০০) (লক্ষ) | ১.৩০% (৭৮.০০) | ৭৩.০৭% (১৩৫.০০) | ১১.৮৫% (১৫১.০০) | ৪.৪২% (১৫৮.২৯) | | সংশ্লিষ্ট রেজিস্টার |

*সাময়িক (provisional) তথ্য।

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-২০১৯ Target/Criteria Value for FY(2018-19) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০২০ | প্রক্ষেপণ (Projection) ২০২০-২০২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতিমান | চলতিমানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| গণগ্রন্থাগার অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] পাঠকসেবার মানোন্নয়ন | ৬০ | [১.১] পাঠকসেবা | পাঠক উপস্থিতি | জন (লক্ষ) | ১০ | ৫০.৪০ | ৫১.২০ | ৫১.৫০ | ৫১.০০ | ৫০.০০ | ৪৮.৫০ | ৪৬.০০ | ৫২.০০ | ৫৩.০০ |
| | | [১.২] গবেষণা ও রেফারেন্স সেবা | পাঠক উপস্থিতি | জন (লক্ষ) | ১০ | ৭.১০ | ৭.৩০ | ৭.৫০ | ৬.৫৭ | ৫.৮৪ | ৫.১১ | ৪.৩৮ | ৮.০০ | ৮.২০ |
| | | [১.৩] প্রতিযোগিতা/ অনুষ্ঠানের সংখ্যা | অনুষ্ঠান | সংখ্যা | ১০ | ৪৬৫ | ২৮১৬ | ২৮২০ | ২৮০০ | ২৭৭৫ | ২৭৫০ | ২৭২৫ | ২৮২৫ | ২৮৩০ |
| | | [১.৪] প্রতিযোগিতা অনুষ্ঠান | অংশগ্রহণকারী | সংখ্যা (হাজার) | ১০ | ২৫.০০ | ৪০.০০ | ৮০.৮৮ | ৭২.৭৯ | ৬৪.৭০ | ৫৬.৬১ | ৪৮.৫৩ | ৮৪.৯০ | ৮৭.৭০ |
| | | [১.৫] বিদ্যমান গণগ্রন্থাগারসমূহের জন্য পাঠক চাহিদা মোতাবেক পাঠসামগ্রী সংগ্রহ | সৃজনশীল পুস্তক | সংখ্যা (হাজার) | ৭ | ৭৯.৫০ | ৫৫.৫৬ | ৫১.৩০ | ৫১.০০ | ৫০.২৫ | ৪৯.৭৫ | ৪৯.২৫ | ৫২.০০ | ৫৩.০০ |
| | | | গবেষণা ও রেফারেন্স পুস্তক | সংখ্যা (হাজার) | ৫ | - | ৩১.৮৯ | ২৯.৪৫ | ২৯.০০ | ২৮.৫০ | ২৮.০০ | ২৭.৫০ | ৩১.০০ | ৩২.০০ |
| | | | শিশুতোষ পুস্তক | সংখ্যা (হাজার) | ৩ | - | ১৫.৪৩ | ১৪.২৫ | ১৩.৭৫ | ১৩.২৫ | ১২.৭৫ | ১২.২৫ | ১৬.০০ | ১৭.০০ |
| | | [১.৬] জাতীয় গ্রন্থাগার দিবস উদ্‌যাপন | দিবস উদ্‌যাপন | তারিখ | ৫ | - | ৫ ফেব্রু. ১৮ | ৫ ফেব্রু. ১৯ | | | | | | |
| [২] তথ্য ও যোগাযোগ সেবার সম্প্রসারণ | ১০ | [২.১] ইন্টারনেট সেবা প্রদান। | ব্যবহারকারী | সংখ্যা (হাজার) | ১০ | ৭৭.০০ | ৭৮.০০ | ১৩৫.০ | ১২১.৫ | ১০৮.০০ | ৯৪.৫০ | ৮১.০০ | ১৫১.০০ | ১৫৮.২৯ |
| [৩] প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ | ৫ | [৩.১] ওয়ার্কশপ/ সেমিনার | অংশগ্রহণকারী | সংখ্যা | ৫ | - | ৫ | ৮ | ৭ | ৬ | ৫ | ৪ | ১০ | ১২ |

# দপ্তর সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০১৮-১৯
( মোট নম্বর- ২৫)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান (২০১৮-২০১৯) (Target Value 2018-2019) | | | | |
| | | | | | | অসাধারণ Excellent | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতিমান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | মাঠ পর্যায়ের কার্যালয়ের সংগে ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর ও ওয়েবসাইটে আপলোড | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ০.৫ | ২০ জুন | ২১ জুন | ২৪ জুন | - | - |
| | | ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ০.৫ | ১৭ জানুয়ারি, ২০১৯ | ২০ জানুয়ারি, ২০১৯ | ২১ জানুয়ারি, ২০১৯ | ২২ জানুয়ারি, ২০১৯ | ২৩ জানুয়ারি, ২০১৯ |
| | | মাঠ পর্যায়ের কার্যালয়ের ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (Feedback) মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ | ফলাবর্তক (Feedback) প্রদত্ত | তারিখ | ১ | ২৪ জানুয়ারি, ২০১৯ | ৩১ জানুয়ারি, ২০১৯ | ০৪ ফেব্রুয়ারি ২০১৯ | ০৮ ফেব্রুয়ারি ২০১৯ | ১১ ফেব্রুয়ারি ২০১৯ |
| | | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘণ্টা | ১ | ৬০ | | | | |
| কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ১০ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত ** | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | | ই-ফাইলে পত্র জারীকৃত *** | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | দপ্তর/সংস্থা কর্তৃক অনলাইন সেবা চালু করা | ন্যূনতম একটি নতুন ই-সার্ভিস চালুকৃত | তারিখ | ১ | ১০ জানুয়ারি, ২০১৯ | ২৪ জানুয়ারি, ২০১৯ | ২৮ জানুয়ারি, ২০১৯ | ৩১ মার্চ ২০১৯ | ৩০ এপ্রিল, ২০১৯ |
| | | দপ্তর/সংস্থা ও অধীনস্থ কার্যালয়সমূহের উদ্ভাবনী উদ্যোগ ও Small Improvement Project (SIP) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) সমূহের ডাটাবেজ ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | | ডাটাবেজ অনুযায়ী ন্যূনতম দুটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | ০৮ এপ্রিল, ২০১৯ | ২২ এপ্রিল, ২০১৯ | ০২ মে, ২০১৯ | ১৬ মে, ২০১৯ | ৩০ মে, ২০১৯ |
| | | সিটিজেন্‌স চার্টার বাস্তবায়ন | হালনাগাদকৃত সিটিজেন্‌স চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | | সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ০.৫ | ৩১ ডিসেম্বর, ২০১৯ | ১৫ জানুয়ারি, ২০১৯ | ০৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি ২০১৯ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিস্পত্তিকৃত | % | ০.৫ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৫০ |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান (২০১৭-২০১৮) (Target Value 2017-2018) | | | | |
| | | | | | | অসাধারণ Excellent | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতিমান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি করা | পিআরএল আদেশ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | ছুটি নগদায়নপত্র জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৯ | অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ত্রিপক্ষীয় সভায় অডিট আপত্তি নিস্পত্তির জন্য সুপারিশকৃত | % | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর ও অস্থাপর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | | অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তকবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | অব্যবহৃত/অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিস্পত্তিকরণ | নিস্পত্তিকৃত | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা | বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | নিয়োগ প্রদানকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৪০ |
| জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | জাতীয় শূদ্ধাচার পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন **** | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | | জাতীয় শুদ্ধাচার পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোয় অন্তর্ভুক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | সকল অনলাইন সেবা তথ্য বাতায়নে সংযোজিত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | দপ্তর/সংস্থার ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ১৮ অক্টোবর, ২০১৮ | ৩১ অক্টোবর, ২০১৮ | ১৫ নভেম্বর, ২০১৮ | ২৯ নভেম্বর, ২০১৮ | ০৬ ডিসেম্বর, ২০১৮ |

* ৬০ ঘণ্টা প্রশিক্ষণের মধ্যে অন্যূন ২০ ঘণ্টা সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ অন্তর্ভুক্ত থাকবে।
* গণগ্রন্থাগার অনুকূলে হল ভাড়ার আবেদন, সদস্য হওয়ার আবেদনসহ অন্যান্য আবেদন অনলাইনে করার সুযোগ সৃষ্টি।
* বই ধার প্রদান প্রক্রিয়া সহজীকরণ।

আমি মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব-এর নিকট অঙ্গীকার করছি যে, এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকবো।

আমি সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসেবে অঙ্গীকার করছি যে, এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে গণগ্রন্থাগার অধিদপ্তরকে সর্বাত্মক সহযোগিতা প্রদান করবো।

স্বাক্ষর:

[signature]

মহাপরিচালক
গণগ্রন্থাগার অধিদপ্তর
শাহবাগ, ঢাকা।

তারিখ: ১০.০৬.২০১৮

[signature]

সচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

তারিখ: ১০/৬/২০১৮

সংযোজনী-১

## শব্দ-সংক্ষেপ (Acronyms)

APA = Annual Performance Agreement.

A2I = Access to Information.

CAS/SDI = Current Awareness Service/Selective Dissemination of Information.

FY = Fiscal Year.

SDG = Sustainable Development Goal.

MoCA = Ministry of Cultural Affairs.

MoPA= Ministry of Public Administration.

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী সংস্থা এবং পরিমাপ পদ্ধতির বিবরণ

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | পাঠকসেবা, গবেষণা ও রেফারেন্স সেবা প্রদান | পাঠক উপস্থিতি | জাতীয়, বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ের গ্রন্থাগারসমূহের মাধ্যমে পাঠকসেবা ও পুস্তক লেনদেন কার্যক্রম সম্পাদন। | জাতীয়, বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ের গ্রন্থাগারসমূহ | বাস্তব গণনা, পাঠক ও গবেষক উপস্থিতি রেজিস্টার ও ইস্যু রেজিস্টার | |
| ২ | প্রতিযোগিতা/অনুষ্ঠান আয়োজন | অনুষ্ঠান/অংশগ্রহণকারীর সংখ্যা | জাতীয়, বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ে জাতীয় দিবসসমূহ উদ্‌যাপন উপলক্ষে অনুষ্ঠানাদি সম্পন্নকরণ, পুরস্কার ও সনদ বিতরণ। | জাতীয়, বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ের গ্রন্থাগারসমূহ | বাস্তব গণনা, পত্রিকায় বিজ্ঞপ্তি এবং উপস্থিতি তালিকা | |
| ৩ | বিদ্যমান গণগ্রন্থাগারসমূহের জন্য পাঠক চাহিদা মোতাবেক পাঠসামগ্রী সংগ্রহ ও সরবরাহ | সরবরাহকৃত পুস্তকের সংখ্যা | কেন্দ্রীয়ভাবে গণগ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক জাতীয়, বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ের সরকারি গণগ্রন্থাগারসমূহের জন্য বই ক্রয় ও সরবরাহ। | গণগ্রন্থাগার অধিদপ্তর | বাস্তব গণনা, গণগ্রন্থাগারের সংযোজনী রেজিস্টার, বই সরবরাহের তালিকা | |
| ৪ | ইন্টারনেট সেবা প্রদান | ব্যবহারকারী | জাতীয় ও বিভাগীয় পর্যায়ের গণগ্রন্থাগারসমূহে রবি কর্তৃক ইন্টারনেট সেবা প্রদান। | জাতীয় ও বিভাগীয় পর্যায়ের গ্রন্থাগারসমূহ | বাস্তব গণনা, ইন্টারনেট ব্যবহারের রেজিস্টার | |
| ৫ | গ্রন্থাগার দিবস উদ্‌যাপন | জাতীয়ভাবে উদ্‌যাপন | গ্রন্থাগার পেশাজীবি ও সরকারি/বেসরকারি বিভিন্ন সংস্থার অংশগ্রহণে বর্ণাঢ্য র‍্যালী ও আলোচনা সভা। | গণগ্রন্থাগার অধিদপ্তর | সরকারি প্রজ্ঞাপন | |
| ৬ | প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ | আলোচনা অনুষ্ঠান | প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে বিশেষজ্ঞজনদের অংশগ্রহণে ওয়ার্কশপ/সেমিনার। | গণগ্রন্থাগার অধিদপ্তর | অফিস আদেশ | |

## সংযোজনী ৩ : অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা-এর নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| গণপূর্ত অধিদপ্তর | ৬টি জেলা সরকারি গণগ্রন্থাগার ভবন নির্মাণ | ভবন নির্মাণ | নির্ধারিত সময়ে ভবন নির্মাণ সম্পন্নকরণ | (১) প্রকল্প মেয়াদের মধ্যে ভবন নির্মাণ সম্পন্ন করতে হবে<br>(২) ভবন না থাকায় ভাড়া বাড়িতে প্রত্যাশিত পাঠকসেবা দেয়া সম্ভব হচ্ছে না | ভবন নির্মাণ সম্পন্ন করা যাবে না |